দৈঃ জনকণ্ঠ

তারিখ ঃ 21 FEB 2015
পৃষ্ঠা ... কলাম ...

রাঙ্গামাটিতে সংবাদ সম্মেলন

# মেডিক্যাল কলেজ ও প্রযুক্তি ভার্সিটির কার্যক্রম স্থগিত দাবি

নিজস্ব সংবাদদাতা, রাঙ্গামাটি, ২০ ফেব্রুয়ারি ॥ পার্বত্য চট্টগ্রাম বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আরোপিত ১১টি ধারার মাধ্যমে এই অঞ্চলকে একটি জেলখানায় পরিণত করা হয়েছে বলে উদ্বেগ প্রকাশ করেছে। পার্বত্য চট্টগ্রাম নাগরিক কমিটি। পার্বত্য চট্টগ্রামবাসীর প্রতি এই ধরনের বর্ণবাদ ও বৈষম্যমূলক এবং বিমাতাসুলভ আচরণ থেকে বিরত থাকার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন তারা। একই সঙ্গে পার্বত্য চট্টগ্রামে মেডিক্যাল কলেজ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম স্থগিত রাখার দাবি জানানো হয়েছে।

সংবাদ সম্মেলনে বলা হয় প্রধানমন্ত্রী পার্বত্য চট্টগ্রাম সমস্যার সমাধানে আন্তরিক হলেও একটি স্বার্থান্বেষী মহল প্রধানমন্ত্রীর এই আন্তরিকতাকে বাস্তবে পরিণত হতে দিচ্ছে না। তারা চায় না এখানে শান্তি প্রতিষ্ঠা হোক।